গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১৩৬/২০১৮-২০১৯
ঢাকা, বুধবার ৯ জানুয়ারি ২০১৯, ২৬ পৌষ ১৪২৫
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। ভবিষ্যৎ প্রজন্মকে প্রস্তুত করতেই নতুনরা মন্ত্রিসভায় : প্রধানমন্ত্রী
২। জাতীয় স্মৃতিসৌধ ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে নতুন মন্ত্রিসভার শ্রদ্ধা
৩। প্রধানমন্ত্রী টুঙ্গিপাড়া যাচ্ছেন আজ
৪। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে মিয়ানমারের প্রেসিডেন্ট ও ভিয়েতনামের প্রধানমন্ত্রীর অভিনন্দন
৫। পররাষ্ট্রনীতিতে আরও সুবিধাজনক অবস্থানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা : জাপানের নিকে এশিয়ানের নিবন্ধ
৬। সৈয়দ আশরাফের কুলখানি অনুষ্ঠিত : রাষ্ট্রপতির যোগদান
৭। মন্ত্রী করার শর্তে জোট হয়নি : সেতুমন্ত্রী
৮। প্রথম কর্মদিবসে মন্ত্রীদের প্রতিক্রিয়া
৯। আন্দোলনের নামে এবার নাশকতায় গেলে শক্ত হাতে দমন : স্বরাষ্ট্রমন্ত্রী
১০। ভুঁইফোঁড় অনলাইনের বিরুদ্ধে ব্যবস্থা : সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়ে তথ্যমন্ত্রী
১১। জনগণের জন্য সুবিচার নিশ্চিত করা হবে : আইনমন্ত্রী
১২। করদাতাদের আহত না করেই কর আহরণ বৃদ্ধির চেষ্টা থাকবে : অর্থমন্ত্রী
১৩। প্রধানমন্ত্রী আঞ্চলিক সম্পর্ক দৃঢ় করার ওপর জোর দিয়েছেন : পররাষ্ট্রমন্ত্রী
১৪। দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স ঘোষণা নতুন শিল্পমন্ত্রীর
১৫। প্রতি বিভাগে কিডনি ও ক্যান্সার হাসপাতাল হবে : স্বাস্থ্যমন্ত্রী
১৬। ঢাকা আন্তর্জাতিক বাণিজ্যমেলার পর্দা উঠছে আজ
দেশীয় পণ্যের ব্র্যান্ডিং করাই বাণিজ্যমেলার মূল উদ্দেশ্য : বাণিজ্যমন্ত্রী
১৭। পোশাক খাতের মজুরি কাঠামো পর্যালোচনা করবে সরকার : বাণিজ্যমন্ত্রী
১৮। শহরের সুবিধা গ্রামে দিতে দ্রুত বিদ্যুৎ সম্প্রসারণ হবে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী
১৯। বিভিন্ন দেশে ১০টি চ্যান্সারি ভবন নির্মাণ হচ্ছে : পররাষ্ট্র প্রতিমন্ত্রী

চলমান পাতা-২

**১। ভবিষ্যৎ প্রজন্মকে প্রস্তুত করতেই নতুনরা মন্ত্রিসভায় : প্রধানমন্ত্রী**

ভবিষ্যৎ প্রজন্মকে প্রস্তুত করতেই মন্ত্রিসভায় নতুনদের জায়গা দেওয়া হয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তাদের কঠোর নজরদারিতে রাখা হবে বলেও জানিয়েছেন তিনি। গতকাল (৮ জানুয়ারি মঙ্গলবার) গণভবনে নতুন মন্ত্রিসভা ও আওয়ামী লীগের কার্যনির্বাহী কমিটির সঙ্গে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, নতুনদের মন্ত্রী বানিয়েছি এর মানে এ নয় যে, পুরনোরা ব্যর্থ ছিলেন। পুরনোরা সফল ছিল বলেই দেশ আজ অনেক দূর এগিয়েছে। তিনি আরও বলেন, নতুনদের জায়গা (মন্ত্রিসভা) দেওয়া হয়েছে এজন্য যে, যাতে তারা সব কাজ বুঝে এবং পরবর্তীতে করতে পারে। আর পুরনোদের সফলতাকে সামনের দিকে এগিয়ে নিয়ে যেতে হবে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**২। জাতীয় স্মৃতিসৌধ ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে নতুন মন্ত্রিসভার শ্রদ্ধা**

টানা তৃতীয়বার সরকার গঠনের পর নতুন মন্ত্রিসভার সদস্যদের নিয়ে জাতীয় স্মৃতিসৌধে ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। পরে তিনি আওয়ামী লীগের সভাপতি হিসেবে মন্ত্রিসভার সদস্যদের নিয়ে আবারও শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন। এ সময় নতুন মন্ত্রিসভার ২৪ জন মন্ত্রী, ১৯ জন প্রতিমন্ত্রী ও তিনজন উপমন্ত্রী ছাড়াও প্রধানমন্ত্রীর উপদেষ্টা, জাতীয় সংসদের চিফ হুইপ ও হুইপ, আওয়ামী লীগের সংসদীয় দলের সদস্য এবং দলের কেন্দ্রীয় নেতারা উপস্থিত ছিলেন। প্রধানমন্ত্রী মন্ত্রিসভার সদস্যদের নিয়ে বেলা ১১টা ৬ মিনিটে শ্রদ্ধা নিবেদন করেন। জাতীয় স্মৃতিসৌধের বেদিতে পুষ্পাঞ্জলি অর্পণের পর মহান মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী দেশের সূর্যসন্তানদের প্রতি সম্মান জানানোর অংশ হিসেবে প্রধানমন্ত্রী সেখানে কিছু সময় নীরবে দাঁড়িয়ে থাকেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**৩। প্রধানমন্ত্রী টুঙ্গিপাড়া যাচ্ছেন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (৯ জানুয়ারি বুধবার) গোপালগঞ্জের টুঙ্গিপাড়া যাচ্ছেন। চতুর্থবারের মতো প্রধানমন্ত্রী ও একাদশ জাতীয় সংসদ নির্বাচনের পর নতুন মন্ত্রিসভা গঠন শেষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধা জানাতে টুঙ্গিপাড়ায় যাবেন তিনি। বেলা ১১টায় তিনি হেলিকপ্টারযোগে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ার উদ্দেশে যাত্রা করবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **ইনকিলাব** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১)।

**৪। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে মিয়ানমারের প্রেসিডেন্ট ও ভিয়েতনামের প্রধানমন্ত্রীর অভিনন্দন**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিশাল বিজয় ও টানা তৃতীয়বারের মতো প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন বিভিন্ন দেশের রাষ্ট্র ও সরকারপ্রধান। পুনর্নির্বাচিত হয়ে সরকার গঠন করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন ভিয়েতনামের প্রধানমন্ত্রী গুয়েন সুয়ান ফিক। প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণ করায় শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন বিমসটেক মহাসচিব এম শহীদুল ইসলাম। সার্ক মহাসচিব আমজাদ হোসেন বি. সিয়াল তাঁর অভিনন্দন বার্তায় বলেন, চতুর্থবারের মতো প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণ শেখ হাসিনার নেতৃত্বের প্রতি বাংলাদেশের জনগণের আস্থা ও বিশ্বাসের প্রতিফলন ঘটেছে। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.১), **সমকাল** (পৃ.১৯,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.৩), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৮)।

**৫। পররাষ্ট্রনীতিতে আরও সুবিধাজনক অবস্থানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা : জাপানের নিকে এশিয়ানের নিবন্ধ**

বাংলাদেশে নির্বাচনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার টানা তৃতীয় মেয়াদে জয়ের পর ভারতের প্রধানমন্ত্রী ও চীনের প্রেসিডেন্ট দ্রুতই তাকে জোরালো অভিনন্দন জানান। দক্ষিণ এশিয়ার ছোট দেশগুলো ভারত ও চীনের অব্যাহত লড়াইয়ের কারণে বেকায়দায় আছে। তবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার দেশকে অনন্য অবস্থানে নিয়ে গেছেন। এশিয়ার দু'টি বৃহৎ শক্তিরই সমর্থনধন্য তিনি। গতকাল (৮ জানুয়ারি মঙ্গলবার) জাপানের নিকে এশিয়ান রিভিউতে প্রকাশিত এক নিবন্ধে এসব কথা বলা হয়। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৮), **ইনকিলাব** (পৃ.১,ক.৬)।

**৬। সৈয়দ আশরাফের কুলখানি অনুষ্ঠিত : রাষ্ট্রপতির যোগদান**

বর্ষীয়ান রাজনীতিক, আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক সৈয়দ আশরাফুল ইসলামের কুলখানি গতকাল (৮ জানুয়ারি মঙ্গলবার) অনুষ্ঠিত হয়েছে। রাজধানীর বেইলি রোডের অফিসার্স ক্লাবে আয়োজিত এ কুলখানিতে দলীয় নেতাকর্মী ছাড়াও সর্বস্তরের মানুষের ঢল নামে। বিকাল সাড়ে ৪টায় মিলাদ ও দোয়া মাহফিল শুরু হয়ে বিকাল ৫টায় শেষ হয়। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ কুলখানিতে যোগ দেন। এছাড়া এ অনুষ্ঠানে মন্ত্রিসভার

সদস্য, সংসদ সদস্য, সিনিয়র রাজনৈতিক নেতৃবৃন্দসহ বিভিন্ন শ্রেণিপেশার মানুষ উপস্থিত ছিলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **যুগান্তর** (পৃ.২,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

**৭। মন্ত্রী করার শর্তে জোট হয়নি : সেতুমন্ত্রী**

নতুন সরকারের মন্ত্রিসভায় ১৪ দলসহ মহাজোট শরিক দলগুলোর কারও স্থান না পাওয়া প্রসঙ্গে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, মন্ত্রী করার শর্তে জোট করা হয়নি। গতকাল (৮ জানুয়ারি মঙ্গলবার) ধানমণ্ডি ৩২ নম্বরের বঙ্গবন্ধু ভবন প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদনের পর সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.৪)।

**৮। প্রথম কর্মদিবসে মন্ত্রীদের প্রতিক্রিয়া**

কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক বলেছেন, কৃষি মন্ত্রণালয়ের বড় চ্যালেঞ্জ হলো কৃষিকে লাভজনক করা। আমরা যে ভিশন নিয়েছি, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সেটা বাস্তবায়ন করব। দেশের প্রতিটি গ্রামে শহরের সব নাগরিক সুবিধা পৌঁছে দেওয়ার কথা জানিয়েছেন নতুন মন্ত্রিসভার স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মো. তাজুল ইসলাম। নবনিযুক্ত শিক্ষামন্ত্রী ডা. দীপুমনি বলেছেন, শিক্ষার সফলতা আরো সুসংগঠিত করার চেষ্টা অব্যাহত থাকবে। অব্যাহত থাকবে শিক্ষার মান উন্নয়ন। গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রী শ ম রেজাউল করিম দায়িত্ব নিয়ে প্রথম দিনই দুর্নীতির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের কথা জানিয়েছেন। রেলপথ মন্ত্রী মোঃ নূরুল ইসলাম সুজন বলেছেন, বর্তমান সরকার দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছে। সে আলোকেই রেলকে দুর্নীতিমুক্ত করার উদ্যোগ নেওয়া হবে। তিনি বলেন, আগামী পাঁচ বছর দেশের অবকাঠামোখাত উন্নয়নে চমক থাকবে। নবনিযুক্ত প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী জাকির হোসেন বলেন, প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে মানুষের প্রত্যাশা ও প্রয়োজন পূরণে সম্মিলিতভাবে কাজ করব। গতকাল (৮ জানুয়ারি মঙ্গলবার) সচিবালয়ে কার্যালয়ের দায়িত্বভার গ্রহণ করে কর্মকর্তা, কর্মচারী ও গণমাধ্যম কর্মীদের কাছে পৃথক প্রতিক্রিয়ায় মন্ত্রী ও প্রতিমন্ত্রীগণ এসব কথা বলেন। এছাড়া নবনিযুক্ত প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমদ বলেছেন, অভিবাসন ব্যয় কমাতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হবে। সবার সহযোগিতায় সমন্বিত উদ্যোগে প্রবাসীদের কল্যাণে সব চ্যালেঞ্জ মোকাবিলা করব। গতকাল (৮ জানুয়ারি মঙ্গলবার) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)।

**৯। আন্দোলনের নামে এবার নাশকতায় গেলে শক্ত হাতে দমন : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, বিরোধীপক্ষ যদি আন্দোলনের নামে এবার কোনো ধরনের নাশকতার চেষ্টা করে, তা হলে শক্ত হাতে তা দমন করা হবে। তিনি বলেন, এবার আমাদের প্রথম চ্যালেঞ্জ হবে জঙ্গিবাদের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতির বাস্তবায়ন। আমরা আগেও জঙ্গিবাদকে মাথাচাড়া দিয়ে উঠতে দেইনি, আগামী দিনেও দেব না। দ্বিতীয়বারের মতো স্বরাষ্ট্রমন্ত্রীর দায়িত্ব পাওয়ার পর গতকাল (৮ জানুয়ারি মঙ্গলবার) সচিবালয়ে নিজ দফতরে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **সংবাদ** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬), **অবজারভার** (পৃ.৩,ক.৬)।

**১০। ভুঁইফোঁড় অনলাইনের বিরুদ্ধে ব্যবস্থা : সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়ে তথ্যমন্ত্রী**

সবার সহযোগিতা নিয়ে ভুঁইফোঁড় অনলাইন গণমাধ্যমের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। গতকাল (৮ জানুয়ারি মঙ্গলবার) প্রথম কর্মদিবসে তথ্য মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভায় এ ঘোষণা দেন নতুন তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ। তথ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাত ধরে দেশে অনলাইন মিডিয়ার ব্যাপক বিকাশ ঘটেছে। ইন্টারনেট গ্রাহক ব্যাপক বেড়েছে। এগুলোরও জনপ্রিয়তা বেড়েছে। এ সুযোগে অনেক ভুঁইফোঁড় অনলাইন সংবাদমাধ্যম দেখা দিয়েছে। অনেকে ফেসবুকে বিভিন্ন মনগড়া খবর ছড়াচ্ছে। ভুল সংবাদ পরিবেশন করায় অনেকের চরিত্র হননের ঘটনাও ঘটে। তাই এসবের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। এর আগে নতুন তথ্যমন্ত্রীকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান তথ্য সচিব আবদুল মালেক, প্রধান তথ্য অফিসার কামরুন নাহার, বাংলাদেশ সংবাদ সংস্থার ব্যবস্থাপনা পরিচালক আবুল কালাম আজাদ ও বিটিভি'র মহাপরিচালক এস.এম. হারুন-অর-রশীদ। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.৪,ক.৫), **নিউ নেশন** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

**১১। জনগণের জন্য সুবিচার নিশ্চিত করা হবে : আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, মন্ত্রী হিসেবে দায়িত্ব পালনকালে এ মেয়াদে আমার কাছে অগ্রাধিকার হবে জনগণের জন্য সুবিচার ও সুষ্ঠু বিচার নিশ্চিত করা। এক্ষেত্রে যেসব সমস্যা আছে সেগুলো নির্ধারণ করে সমাধানের

চেষ্টা করা। দ্বিতীয় মেয়াদে আইনমন্ত্রীর দায়িত্ব গ্রহণের পর গতকাল (৮ জানুয়ারি মঙ্গলবার) সচিবালয়ে নিজ দফতরে মন্ত্রণালয়ের কর্মকর্তা ও সাংবাদিকদের সঙ্গে শুভেচ্ছা বিনিময়কালে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

**১২। করদাতাদের আহত না করেই কর আহরণ বৃদ্ধির চেষ্টা থাকবে : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, কর হার কমালে যদি বেশি রাজস্ব আহরণ হয় আমি সেই কাজটি করবো। খুব দ্রুত কর সংশ্লিষ্টদের নিয়ে বসবো। যারা কর দিবেন তাদের ক্ষতি বা আহত না করে কীভাবে কর আহরণ বাড়ানো যায় সেই চেষ্টা করা হবে। গতকাল (৮ জানুয়ারি মঙ্গলবার) রাজধানীর শেরেবাংলানগরস্থ পরিকল্পনা মন্ত্রণালয়ে সাংবাদিকদের সাথে আলাপকালে এ মন্তব্য করেন অর্থমন্ত্রী। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৭)।

**১৩। প্রধানমন্ত্রী আঞ্চলিক সম্পর্ক দৃঢ় করার ওপর জোর দিয়েছেন : পররাষ্ট্রমন্ত্রী**

নতুন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, প্রধানমন্ত্রী আঞ্চলিক সম্পর্ক দৃঢ় করার ওপর জোর দিয়েছেন। বিশ্বাস ও সার্বভৌমত্ব বজায় রেখে বৈদেশিক নীতির মূল লক্ষ্যগুলো অর্জনে সবার সক্রিয় সহযোগিতা ও অংশীদারিত্ব দরকার। দায়িত্ব গ্রহণের পর গতকাল (৮ জানুয়ারি মঙ্গলবার) তিনি পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **সমকাল** (পৃ.১৯,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

**১৪। দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স ঘোষণা নতুন শিল্পমন্ত্রীর**

শিল্প মন্ত্রণালয়ের নতুন দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন মন্ত্রণালয়ে দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি ঘোষণা করেছেন। তিনি বলেন, দুর্নীতিমুক্ত করার বিষয়ে জাতির কাছে আমাদের অঙ্গীকার রয়েছে। এটি একটি বিশাল মন্ত্রণালয়। আগামী দিনে শিল্প মন্ত্রণালয়ের সার্বিক কর্মকাণ্ডে দুর্নীতির বিরুদ্ধে জোরালো অবস্থানের প্রতিফলন ঘটবে। শিল্প মন্ত্রণালয়ে কোনো অবস্থায় দুর্নীতিকে প্রশ্রয় দেওয়া হবে না। গতকাল (৮ জানুয়ারি মঙ্গলবার) নতুন মন্ত্রীর দায়িত্ব গ্রহণকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৭), **সংবাদ** (পৃ.১৪,ক.৭)।

**১৫। প্রতি বিভাগে কিডনি ও ক্যান্সার হাসপাতাল হবে : স্বাস্থ্যমন্ত্রী**

দেশের সব বিভাগে অগ্রাধিকার ভিত্তিতে একটি করে বিশেষায়িত কিডনি হাসপাতাল ও একটি করে ক্যান্সার হাসপাতাল নির্মাণ করা হবে। এছাড়া দেশের প্রত্যেক জেলা হাসপাতালে ১০ শয্যার ডায়ালাইসিস ইউনিট স্থাপন করা হবে। গতকাল (৮ জানুয়ারি মঙ্গলবার) নবনিযুক্ত স্বাস্থ্য ও পরিবারকল্যাণমন্ত্রী জাহিদ মালেক তাঁর প্রথম কার্যদিবসে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে এ তথ্য জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৭), **জনকণ্ঠ** ( পৃ.১,ক.৭)।

**১৬। ঢাকা আন্তর্জাতিক বাণিজ্যমেলার পর্দা উঠছে আজ**

**দেশীয় পণ্যের ব্র্যান্ডিং করাই বাণিজ্যমেলার মূল উদ্দেশ্য : বাণিজ্যমন্ত্রী**

আজ (৯ জানুয়ারি বুধবার) থেকে শুরু হচ্ছে মাসব্যাপী ঢাকা আন্তর্জাতিক বাণিজ্যমেলা। বিকালে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। এবারের বাণিজ্যমেলায় দেশের কয়েকশ' প্রতিষ্ঠানের পাশাপাশি বিশ্বের ২২টি দেশের ৫২টি প্রতিষ্ঠান অংশ নিচ্ছে। মেলা উপলক্ষে গতকাল (৮ জানুয়ারি মঙ্গলবার) আগারগাঁওয়ে মেলা প্রাঙ্গণে আয়োজিত এক সংবাদসম্মেলনে বিভিন্ন তথ্য তুলে ধরেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। এ সময় বাণিজ্যমন্ত্রী বলেন, দেশীয় পণ্যের ব্র্যান্ডিং করাই বাণিজ্যমেলার মূল উদ্দেশ্য। পাশাপাশি পণ্য বহুমুখীকরণ, রফতানি বাড়ানোও উদ্দেশ্য। প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ১০টা পর্যন্ত মেলা চলবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.২), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.৮)।

**১৭। পোশাক খাতের মজুরি কাঠামো পর্যালোচনা করবে সরকার : বাণিজ্যমন্ত্রী**

পোশাক খাতের শ্রমিকদের নতুন মজুরি কাঠামো পর্যালোচনার সিদ্ধান্ত নিয়েছে সরকার। গতকাল (৮ জানুয়ারি মঙ্গলবার) শ্রম ভবনে মালিক ও শ্রমিক পক্ষের প্রতিনিধিদের সঙ্গে এক জরুরি বৈঠক শেষে বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি এ সিদ্ধান্তের কথা জানান। তিনি বলেন, মালিক পক্ষের ৫ জন, শ্রমিক পক্ষের ৫ জন এবং সরকারের বাণিজ্য সচিব ও শ্রম সচিবকে নিয়ে মোট ১২ সদস্যের কমিটি গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ কমিটি আগামী এক মাসের মধ্যে মজুরির অসঙ্গতিগুলো খতিয়ে দেখবে। কোনো সমস্যা থাকলে তা আলোচনা করে সমাধান করা হবে। জানুয়ারি মাসে কোনো শ্রমিককে কম বেতন দেওয়া হবে না বলে তিনি উল্লেখ করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.২), **যুগান্তর** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬)।

**১৮। শহরের সুবিধা গ্রামে দিতে দ্রুত বিদ্যুৎ সম্প্রসারণ হবে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু বলেছেন, শহরের সুবিধা গ্রামে পৌঁছে দিতে সরকার বিশেষ মনোযোগ দিবে। বিদ্যুতের দ্রুত প্রসার গ্রামকে শহরে পরিণত করতে সহায়তা করবে। গণতন্ত্র ও আইনের শাসন সুদৃঢ়, ব্লু-ইকোনমি-সমুদ্র সম্পদ উন্নয়ন, প্রতিটি গ্রামে আধুনিক নগর সুবিধা সম্প্রসারণ, তরুণ-যুব সমাজকে দক্ষ জনশক্তিতে রূপান্তর ও কর্মসংস্থানের নিশ্চয়তা আমাদের অন্যতম লক্ষ্য। এসব উন্নয়নের মূলে থাকবে বিদ্যুৎ ও জ্বালানি। গতকাল (৮ জানুয়ারি মঙ্গলবার) বিদ্যুৎ ভবনে এক সংবর্ধনা অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **যুগান্তর** (পৃ.৩,ক.৫), **অবজারভার** (শেষ পৃ,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৪)।

**১৯। বিভিন্ন দেশে ১০টি চ্যান্সারি ভবন নির্মাণ হচ্ছে : পররাষ্ট্র প্রতিমন্ত্রী**

নিউইয়র্ক, জাপান এবং দিল্লিসহ বিশ্বের বিভিন্ন দেশে ১০টি চ্যান্সারি ভবন নির্মাণ করার কাজ চলছে বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম। গতকাল (৮ জানুয়ারি মঙ্গলবার) পররাষ্ট্র প্রতিমন্ত্রী হিসেবে পুনরায় দায়িত্ব গ্রহণের পর নিজ দফতরে সাংবাদিকদের তিনি একথা জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৪), **অবজারভার** (পৃ.৩,ক.৩)।

**সম্পাদকীয়**

ক. **সমকাল :** চতুর্থবারের মতো বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেছেন আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা উল্লেখ করে গত তিন মেয়াদের মতো তাঁর চৌকস নেতৃত্ব বর্তমান মেয়াদেও অব্যাহত থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **ইত্তেফাক :** সুনামগঞ্জ হাওড়পারের জগদল উপজেলার জন্য সাড়ে পাঁচ বছর আগে নির্মিত ২০ শয্যার স্বাস্থ্য কমপ্লেক্সটিতে আধুনিক ভবন, চিকিৎসা সরঞ্জাম থাকার পরও শুধু জনবল নিয়োগের অভাবে এটি স্থবির হয়ে পড়ে আছে উল্লেখ করে অবিলম্বে এ স্বাস্থ্য কমপ্লেক্সে লোক নিয়োগের পাশাপাশি দেশের অন্যান্য সমস্যাকবলিত স্বাস্থ্য কমপ্লেক্সের ব্যাপারে নজর দেওয়ার সুপারিশ।

গ. **যায়যায়দিন** : নতুন বছরের শুরুতে ধান ও চালের বাজার অস্থিতিশীল হয়ে উঠেছে উল্লেখ করে এ ব্যাপারে সংশ্লিষ্টদের উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঘ. **যুগান্তর :** নতুন অর্থমন্ত্রী শপথ গ্রহণের পর ঋণখেলাপিদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেওয়ার ব্যাপারে যে বক্তব্য দিয়েছেন তা দেশের শিল্পখাত তথা অর্থনীতির জন্য আশাব্যঞ্জক উল্লেখ করে এ ব্যাপারে দ্রুত পদক্ষেপ নেওয়া হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **জনকণ্ঠ** : দেশে প্রথমবারের মতো মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয় শিশুদের অধিকার রক্ষায় জাতীয় শিশু অধিকার কমিশন গঠন করার উদ্যোগ নেওয়ায় স্বাগত জানিয়ে শিশুদের অধিকার রক্ষায় ও নিরাপত্তা প্রদানে তা সহায়ক হবে বলে আশাবাদ প্রকাশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** গত বছর রাজশাহী এবং রংপুর বিভাগের ৮টি দোকানে বিএসটিআই অননুমোদিত খাদ্য রাখায় ৫৬,৫০০ টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত উল্লেখ করে খাদ্যের ভেজাল প্রতিরোধে এ ধরনের অভিযান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ।

ছ. **নিউ নেশন :** বাংলাদেশের বিজ্ঞানীরা ইলিশের জীবনরহস্য আবিষ্কার করায় অভিনন্দন জানিয়ে তাদের গবেষণার ফলে নতুন পথ উন্মোচিত বলে প্রত্যাশা ব্যক্ত।

**উপসম্পাদকীয়**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বাংলাদেশ ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত ও সমৃদ্ধ দেশে পরিণত হওয়ার লক্ষ্য নির্ধারণ করে সামনের দিকে এগিয়ে যাচ্ছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'আমরা উদ্যোগী তরুণ চাই'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, তরুণদের আধুনিক কৃষি ব্যবস্থাপনার সাথে যুক্ত করে কৃষিকে প্রকৃত অর্থে শিল্পায়নে রূপ দিতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা